



বাংলাদেশ দূতাবাস
ব্যাংকক

প্রেস বিজ্ঞপ্তি

নং: ১৩৫

বাংলাদেশ দূতাবাস, ব্যাংককে 'জাতীয় সংবিধান দিবস' পালিত

ব্যাংকক, ০৪ নভেম্বর ২০২২

বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক আজ যথাযোগ্য মর্যাদায় 'জাতীয় সংবিধান দিবস' পালন করে। অনুষ্ঠানের শুরুতে দিবসটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করেন যথাক্রমে দূতাবাসের মিনিষ্টার (রাজনৈতিক) ও মিশন উপ-প্রধান মিঞ্জ মালেকা পারভীন, এনডিসি ও মিনিষ্টার (কনস্যুলার) জনাব আহমেদ তারিক সুমীনা। এরপর জাতীয় সংবিধান দিবস এর উপর নির্মিত একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়।

সংক্ষিপ্ত আলোচনা পর্বে দূতাবাসের কাউন্সেলর (রাজনৈতিক) জনাব নির্বর অধিকারী অংশগ্রহণ করেন। তিনি বাংলাদেশের পবিত্র সংবিধানের পটভূমি, তাৎপর্য, অন্যান্য রাষ্ট্র কর্তৃক সংবিধান দিবস পালন, রাষ্ট্রের তিনটি অঙ্গের পরিপূরক ভূমিকা এবং ১৯৭২ সালের মূল সংবিধানের বিভিন্ন দিক তুলে ধরেন। দূতাবাসের মিনিষ্টার (কনস্যুলার) জনাব আহমদ তারেক সুমীনা তাঁর বক্তব্যে সংবিধানের চারটি মূলনীতির তাৎপর্য তুলে ধরেন।

মান্যবর রাষ্ট্রদূত জনাব মো: আব্দুল হাই তাঁর বক্তব্যের শুরুতে ১৯৭২ সালের মূল সংবিধানের বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি বলেন, জাতীয় সংবিধান দিবস প্রথমবারের মত উদযাপন করতে পেরে আমরা জাতি হিসেবে গর্ববোধ করছি। তিনি আরো বলেন, ১৯৪৭ পরবর্তী সময়ে একটি সংবিধান প্রণয়ন করতে পাকিস্তানের প্রায় ৯ বছর সময় অতিবাহিত হয়েছিল; কিন্তু বঙ্গবন্ধু তাঁর রাজনৈতিক প্রজ্ঞা ও দূরদর্শিতা দিয়ে স্বল্প সময়ে আমাদেরকে একটি সংবিধান উপহার দিয়েছেন। এছাড়া মান্যবর রাষ্ট্রদূত অনুষ্ঠানে পররাষ্ট্র নীতি বিষয়ক সংবিধানের ২৫ নং অনুচ্ছেদটি উপস্থিত শ্রোতামণ্ডলীর উদ্দেশ্যে পাঠ করেন এবং এর তাৎপর্য তুলে ধরেন। মান্যবর রাষ্ট্রদূত বঙ্গবন্ধুর শাসনামলের গৃহীত নানবিধ রাষ্ট্রীয় সিদ্ধান্ত গ্রহণের নজির তুলে ধরে জাতির পিতার বিচক্ষণ ও দূত সিদ্ধান্ত নেয়ার ক্ষমতার ভূয়সী প্রশংসা করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দূতাবাসের কাউন্সেলর ও দূতালয় প্রধান জনাব মোঃ মাসুমুর রহমান।

